

কৃষিই সমৃদ্ধি



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন

৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ক্ষুদ্রসেচ বিভাগ

অধিশাখা-১, শাখা-১

www.badc.gov.bd

স্মারক নং- ১২.২৫১.০৩২.১১.০০.৩৭.২০০৫-৩৪০

তারিখ: ০৩ অগ্রহায়ণ ১৪৩১  
২৪ নভেম্বর ২০২৪

পত্র প্রাপ্তি নং- প্রাঃ	২৪/১১/২৪
প্রশাসন শাখা	
প্রাক্তন শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	
ক্রীম শাখা	

বিষয়: চলতি বোরো মৌসুমে সেচ ব্যবস্থা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, চলতি বোরো মৌসুমে সেচ ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে সেচ উইং এর সকল কর্মকর্তা/কর্মচারীদের নিয়োজিত অনুশাসনসমূহ প্রতিপালনের জন্য নির্দেশ প্রদান করা হলো:

- চলতি বোরো মৌসুমে সকল সেচযন্ত্র (সরকারি/বেসরকারি) চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- বোরো মৌসুমে সেচযন্ত্র চালু করার পূর্বেই সকল উপজেলা সেচ কমিটি'র সভা আহ্বান করতে হবে এবং তার কার্যবিবরণী সদর দপ্তরে প্রেরণ করতে হবে;
- স্থানীয় পল্লী বিদ্যুৎ সমিতি/বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে যোগাযোগ করে সেচযন্ত্রে বিদ্যুৎ সংযোগের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- চলতি বোরো মৌসুমে কয়টি সেচযন্ত্র (ডিজেল ও বিদ্যুৎ চালিত) চালু হবে এবং কি পরিমাণ জমি বোরো চাষের আওতায় এসেছে তার তথ্য সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে সদর দপ্তরে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- মাঠ পর্যায়ে বিএডিসি'র সেচ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারিকে জেলা/উপজেলা প্রশাসন ও কৃষি বিভাগের সাথে যোগাযোগ করে সেচ সংক্রান্ত যে কোন সমস্যা সমাধান করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- পিক সময় বাদ দিয়ে বিদ্যুৎ চালিত সেচপাম্পগুলো রাত ১১.০০ ঘটিকা হতে সকাল ৭.০০ ঘটিকা পর্যন্ত চালু রাখতে হবে;
- পানির অপচয় রোধকল্পে কৃষকদেরকে ধানের কাঁইচ খোর হওয়া পর্যন্ত AWD পদ্ধতি ব্যবহার এবং কাঁইচ খোর পরবর্তী সেচের পানির পরিমাণ বৃদ্ধি করার জন্য উদ্বুদ্ধ করতে হবে;
- সেচের পানির অপচয় রোধকল্পে বারিড পাইপ/ফিতা পাইপের ব্যবহার বৃদ্ধি করার জন্য কৃষকদেরকে উদ্বুদ্ধ করতে হবে;
- তাৎক্ষণিক বিকল সেচযন্ত্র/বৈদ্যুতিক সরঞ্জামাদি (মিটার, ট্রান্সফরমার ইত্যাদি) প্রতিস্থাপন, ডিজেল ইঞ্জিন ওভারহোলিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং বেসরকারি সেচযন্ত্র/স্পেয়ার পার্টস সরবরাহের স্থানীয় পর্যায়ে সকল দোকান/মেরামত কারখানা সার্বক্ষণিক সেবা প্রদানের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করতে হবে যাতে তাৎক্ষণিকভাবে বিকল সেচযন্ত্র মেরামত করা যায়;
- বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর আওতাধীন সেচযন্ত্রসমূহ সচল রাখার নিমিত্ত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- বিদ্যুৎ সাপ্লয়ের লক্ষ্যে ইতোমধ্যে বিএডিসি/অন্যান্য সংস্থা কর্তৃক নবায়নযোগ্য (সোলার চালিত) জ্বালানী দ্বারা পরিচালিত সেচযন্ত্র স্থাপন এবং কৃষকদেরকে নবায়নযোগ্য (সোলার চালিত) জ্বালানী দ্বারা পরিচালিত সেচযন্ত্র ব্যবহারে জন্য উদ্বুদ্ধ করতে হবে;
- ডিজেল ঘাটতি/বিদ্যুতের সমস্যা হলে স্থানীয় বিএডিসি সেচ দপ্তর/বিদ্যুৎ দপ্তর/প্রশাসনকে অবহিত করার জন্য কৃষকদেরকে উদ্বুদ্ধ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত অনুশাসনসমূহ কঠোরভাবে প্রতিপালনপূর্বক চলতি বোরো মৌসুমে সেচ ব্যবস্থা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যকরী পদক্ষেপ নেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

মুহাম্মদ বদিউল আলম সরকার  
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)  
বিএডিসি, কৃষি ভবন, ঢাকা  
ফোনঃ-০২-৪৭১২৩০১৯  
ই-মেইল: cemibadc@gmail.com

অনুলিপি (কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ) ..... রিজিয়ন (সকল)।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সওকা/ক্ষুদ্রসেচ), বিএডিসি..... সার্কেল (সকল)।

অ.পূ.দ.



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

তত্ত্বাবধায়ক প্রকৌশলীর দপ্তর

রংপুর (ক্ষুদ্রসেচ) সার্কেল, সাগরপাড়া, ধাপ, রংপুর।

e-mail: se\_badcrang@yahoo.com

“কৃষিই সমৃদ্ধি”

স্মারক নং - ১২.০৬.৮৫০০.৫৫১.৩৩.০১১, ২৪, ৪৩৮

তারিখঃ ২৬-১১-২০২৪ খ্রিঃ

বিস্তারিত পত্রের মর্মান্বয়ী চলতি বোরো মৌসুমে সেচ ব্যবস্থা নিশ্চিতকরণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হলো।

- ১। নির্বাহী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, দিনাজপুর/লালমনিরহাট/রংপুর রিজিয়ন।
- ২। সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ..... জোন (সকল)।
- ৩। উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মাণ), বিএডিসি, ..... ইউনিট (সকল)।
- ৪। অফিস কপি।

(প্রকৌশলী এস এম শহীদুল আলম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী

বিএডিসি, রংপুর (ক্ষুদ্রসেচ) সার্কেল, রংপুর।